মেহেরপুরে যুব দক্ষতা উন্নয়নে ভিবিডির প্রশিক্ষণ কর্মসূচি

যুবসমাজের নেতৃত্ব বিকাশ, দক্ষতা বৃদ্ধি এবং স্বেচ্ছাসেবামূলক কর্মকাণ্ডে অংশগ্রহণকে আরও গতিশীল করার লক্ষ্যে ভলেন্টিয়ার ফর বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার উদ্যোগে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার অনুষ্ঠিত “Strengthening Volunteer for Bangladesh: Training of Local Youths” শীর্ষক এ প্রশিক্ষণে মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর উপজেলার সভাপতি, কমিটির সদস্য এবং স্বেচ্ছাসেবীরা অংশ নেন।

প্রশিক্ষণে নেতৃত্ব বিকাশ, প্রজেক্ট পরিকল্পনা ও ব্যবস্থাপনা, কার্যকর উপস্থাপনা কৌশল, দলগত কাজ এবং সামাজিক উন্নয়নে যুবদের সক্রিয় ভূমিকা বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভিবিডির মেহেরপুর জেলা শাখার সভাপতি সৈয়দ মাহফুজুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রকল্প কর্মকর্তা মোছা. টুম্পা খাতুন এবং কোষাধ্যক্ষ মোছা. রুবাইয়া খাতুন।

প্রশিক্ষণের অংশ হিসেবে তিন উপজেলার অংশগ্রহণকারীদের মধ্যে প্রেজেন্টেশন ও প্রজেক্ট পরিকল্পনা বিষয়ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিচারকদের মূল্যায়নে গাংনী উপজেলা শ্রেষ্ঠ উপজেলা হিসেবে নির্বাচিত হয়।

এছাড়া বেস্ট পারফরমার হিসেবে মো. মুনতাসির মাহমুদ, বেস্ট ভলেন্টিয়ার হিসেবে আলফিও বালা এবং বেস্ট উপজেলা হিসেবে গাংনী উপজেলা সম্মাননা অর্জন করে।

আয়োজকরা জানান, দেশের তরুণদের দক্ষ, দায়িত্বশীল ও মানবিক নেতৃত্বে গড়ে তুলতে এবং স্বেচ্ছাসেবামূলক কার্যক্রমে আরও সম্পৃক্ত করতে ভবিষ্যতেও এ ধরনের প্রশিক্ষণ ও নেতৃত্ব বিকাশমূলক কর্মসূচি ধারাবাহিকভাবে আয়োজন করা হবে।